otal No. of Printed Pages—8

**2 SEM TDC BNL MIL (A) 1**

**2014**

( May )

# BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates* ***eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***9***

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Candidates* ***not eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***12***

*Full Marks* : 100

*Pass Marks* : 40

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) রবীন্দ্রনাথ 'সোনার তরী' কাব্যগ্রন্থটি প্রীতি-উপহার হিসেবে কাকে সমর্পণ করেন?

14

(খ) " 'সোনার তরী' কাব্যের প্রথম কবিতাটির নাম 'সোনার তরী'।"

এই কাব্যের শেষ কবিতাটির নাম কি ?

(গ) 'সমুদ্রের প্রতি' কবিতাটির রচনাস্থল কোথায় ?

(ঘ) "আমারে ফিরায়ে লহ অয়ি বসুন্ধরে,
কোলের সন্তানে তব কোলের ভিতরে
বিপুল অঞ্চল তলে।"

এটি কোন্ কবিতার অন্তর্গত ?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২

(ক) " 'সোনার তরী' কবিতাটি চিত্ররস প্রধান। পদ্মাতীরের অতি পুরাতন একটি ঘটনাকে অপূর্ব শব্দ-সঙ্গতি ও ছন্দো-মাহাত্ম্যে আশ্চর্য চিত্রসম্পদ দান করা হইয়াছে। ইহা প্রধানত একটি নিখুঁত চিত্র।"

'সোনার তরী' কবিতার সেই চিত্র-সৌন্দর্য তোমার নিজের ভাষায় প্রকাশ কর।

(খ) "একদিকে মানুষের স্নেহ-প্রেম, অন্যদিকে নিষ্ঠুর মৃত্যু—সৃষ্টির অপরিবর্তনীয় বিধান। এই দুয়ের দ্বন্দ্বে আমাদের জীবনের একটা চিরন্তন ট্রাজেডি লুক্কায়িত আছে। এই চিরন্তন মানব-বেদনার ইঙ্গিত করিয়াছেন কবি 'যেতে নাহি দিব' কবিতায়।"

আলোচনা কর।





14

(গ) " 'বসুন্ধরা' কবিতায় কবি সারা বিশ্বের মধ্যে নিজেকে প্রসারিত ও মিশ্রিত করিয়া দিয়া জল-স্থল-অন্তরীক্ষের প্রত্যেক অবস্থার সৌন্দর্য ও রস পান করিবার জন্য আকুল হইয়াছেন।"

মন্তব্যটি যথার্থ কিনা তা বিচার কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : 8

(ক) "ঠাঁই নাই, ঠাঁই নাই—ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
শ্রাবণ গগন ঘিরে
ঘন মেঘ ঘুরে ফিরে,
শূন্য নদীর তীরে
রহিনু পড়ি—
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।"

সংক্ষেপে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

(খ) "আমি পৃথিবীর শিশু বসে আছি তব উপকূলে,
শুনিতেছি ধ্বনি তব। ভাবিতেছি, বুঝা যায় যেন
কিছু কিছু মর্ম তার—বোবার ইঙ্গিতভাষা-হেন
আত্মীয়ের কাছে।"

'তব' বলতে কবি কার কথা বলেছেন ? উদ্ধৃতাংশের নিহিতার্থ প্রকাশ কর।

## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=

(ক) 'নেটিভ স্টেট অঞ্জনগড়'-এর আয়তন কত বর্গ মাইল?

(খ) 'টোপ' গল্পে বর্ণিত শিকারের ক'মাস পর 'চমৎকার চটি-জোড়া উপহার' পার্শেলে এসেছিল?

(গ) 'হারাণের নাতজামাই' গল্পটি কোন্ কৃষক আন্দোলনের প্রেক্ষাপটে রচিত?

(ঘ) ''সমস্ত অঞ্চলটার নৈশ নিস্তব্ধতাকে কাঁপিয়ে দুবার গর্জে উঠল অফিসারের আগ্নেয়াস্ত্র। গুড়ুম, গুড়ুম।''

'আদাব' গল্পের অফিসার কাকে গুলি করে মেরেছিল?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১

(ক) ''ফসিল' কেবল সুবোধ ঘোষেরই নয়, বাংলা ছোটগল্পের ইতিহাসেও এক অনন্যসাধারণ নির্মাণ। এই গল্পের বিশিষ্ট প্রতিবাদী চরিত্র বৃদ্ধ দুলাল মাহাতো।''

মন্তব্যের অনুসরণে দুলাল মাহাতো চরিত্রটি বিশ্লেষণ কর।

(খ) ''ময়নার মা চরিত্রটির লোক-চরিত্রজ্ঞান, প্রত্যুৎপন্নমতিত্ব এবং নাটকীয় পরিবেশ সৃজনে অসাধারণত্ব তার মনের জোর তাকে বাংলাসাহিত্যে তুলনাহীন করে রেখেছে।''

মন্তব্যের আলোকে ময়নার মা চরিত্রটি আলোচনা কর।





(গ) ''আধুনিক ছোটগল্প শুধুমাত্র ঐক্য সর্বস্বই নয়, শব্দের মিতব্যয়িতা, প্রয়োগপদ্ধতির একনিষ্ঠতা, বক্তব্য বিষয়ের বাহুল্যহীনতা, গল্পের সামগ্রিক সুরের একতা, উপযুক্ত পটভূমির ব্যবহার, চরিত্রচিত্রণ, সত্যের প্রতি নিষ্ঠা ইত্যাদিও তার মধ্যে দেখা যায়।''

উল্লিখিত বৈশিষ্ট্যগুলির ভিত্তিতে তোমার পাঠ্য যে-কোন একটি গল্পকে 'ছোটগল্প' হিসেবে বিচার কর।

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'টোপ' গল্পের রাজাবাহাদুর চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(খ) ''মণ্ডলের জন্য হলে মানে বুঝা যেত, হারাণের বাড়ীর লোকের জন্য চারিদিকের গাঁ ভেঙে মানুষ এসেছে! মানুষের সমুদ্রের, ঝড়ের উত্তাল সমুদ্রের সঙ্গে লড়া যায় না।''

কার এরকম উপলব্ধি হয়েছে? কোন্ প্রেক্ষাপটে তিনি এমনটি ভেবেছেন?

(গ) ''গল্পের যে প্লট তার কেন্দ্রে রয়েছে মহারাজার 'অহং' বাঁচার প্রচেষ্টা এবং সেই প্রচেষ্টার ফলস্বরূপ কোম্পানির সঙ্গে তার বিরোধ। 'ফসিল' গল্পে এই বিরোধের চরম মুহূর্তে ঘটেছে দুটি আকস্মিক দুর্ঘটনা।''

'দুটি আকস্মিক দুর্ঘটনা' কি কি? তার পরিণাম সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

14

(ঘ) ‘‘ঝাঁপ দিছিলা, শোও নাই। বেউলা সতী!
... তোমার লগে আইজ থেইকা শেষ।’’

কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে? বক্তার এরূপ বলার কারণ কি, সংক্ষেপে লেখ।

## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। ‘‘এই নাটকে (‘ফেরারী ফৌজ’) ব্রিটিশ শাসনযুগের জাতীয়তাবাদী আন্দোলনের দুটো দিক ফুটে উঠেছে। সাম্রাজ্যবাদী ব্রিটিশ শক্তির বিরুদ্ধে একদিকে চলেছিল আপোষহীন লড়াই এবং আরেকদিকে চলেছিল এই সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে আপোষ রফা।’’

আলোচনা কর। ১৩

*অথবা*

‘‘অশোক সাচ্চা বিপ্লবী, অথচ এই অশোকই সাজানো ঘটনার নিষ্ঠুর পরিহাসে হয়ে যায় বিশ্বাসঘাতক।’’

ঘটনার পরিপ্রেক্ষিতে অশোক চরিত্র আলোচনা কর।

৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) বঙ্গবাসী

(খ) বিপিন

(গ) শচী





14

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) ‘ফেরারী ফৌজ’ নাটকখানি ইংরেজী কত সালে প্রথম প্রকাশিত হয়?

(খ) কত সালের বাংলার বিপ্লবী আন্দোলনের পটভূমিতে ‘ফেরারী ফৌজ’ নাটকটি রচিত?

(গ) হিতেন দাশগুপ্ত বিপ্লব দমন করতে কোন্ গ্রামে গিয়েছিলেন?

(ঘ) বিপ্লবী অশোক গুলি করে কোন্ ব্রিটিশ পুলিশ অফিসারকে খুন করেছিল?

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে ‘সোনার তরী’ কাব্য রচনা করেছেন?

(খ) বৃদ্ধ দুলাল মাহাতো দীর্ঘকাল পর কোথা থেকে অঞ্জনগড়ে ফিরে এসেছিল?

(গ) ‘আদাব’ শব্দের অর্থ কি?

(ঘ) ‘ফেরারী ফৌজ’ নাটকের বারবণিতা চরিত্রটির নাম কি?

১৪

১১। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন একটি) :

(ক) শূন্য নদীর তীরে রহিনু পড়ি,
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

(খ) নেটিভ স্টেট অঞ্জনগড়

(গ) কুমুদ চরিত্র

১২। 'টোপ' গল্পের বিষয়বস্তু আলোচনা কর।

অথবা

'ফেরারী ফৌজ' নাটকের যোগেন্দ্রনাথ চরিত্রটি আলোচনা কর।

★★★